

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ২৫.০১.২২

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সিএলসিসি কমিটির সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সিএলসিসি (সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি) কমিটির সভা বুধবার (২২ জানুয়ারি) দুপুরে টাইগারপাসস্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়েছে। সভাটি স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ী, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন (ঈ৪ঈ২) প্রকল্পের আওতায় আয়োজিত হয়। সভায় উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন, প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, জাইকার পক্ষে প্রকল্পের উপদেষ্টা নাওকো আনজাই এবং নবগঠিত সিএলসিসি কমিটির সদস্যবৃন্দ। মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, "নাগরিক সম্পৃক্ততা নিশ্চিত করা এবং নাগরিকদের জীবনমান উন্নয়নে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি। সিএলসিসি কমিটি এই প্রক্রিয়াকে আরও গতিশীল করবে। চট্টগ্রামকে একটি আধুনিক ও বাসযোগ্য শহরে রূপান্তরের জন্য আমাদের সকলের সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। জাইকা আমাদের উন্নয়ন কার্যক্রমে সহযোগিতা করছে, যা অত্যন্ত প্রশংসনীয়।" সভায় জাইকার পক্ষে নাওকো আনজাই প্রকল্পের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, "সিএলসিসি কমিটির কার্যক্রম চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সক্ষমতা বৃদ্ধি করবে এবং নাগরিক সেবার মান আরও উন্নত হবে। আমরা আশা করছি, এই উদ্যোগের মাধ্যমে নগরবাসী সরাসরি উপকৃত হবেন।"

সভায় কমিটির সদস্যরা নাগরিক সেবা, উন্নয়ন কার্যক্রম, এবং সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে শহরের বিভিন্ন সমস্যা সমাধানের ওপর গুরুত্বারোপ করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮